যুগান্তর

তারিখ 24 JAN 2014
পৃষ্ঠা ২ কলাম ২

অমর একুশে বইমেলা নিয়ে লেজেগোবরে পরিস্থিতি

মুসতাক আহমদ

লেজেগোবরে পরিস্থিতি তৈরি হয়েছে অমর একুশে বইমেলা নিয়ে। পরিবর্তিত নতুন স্থান সোহরাওয়ার্দী উদ্যানে প্রথমবারের মতো মেলা আয়োজনের কারণে এ দশা। এ কারণে ১ ফেব্রুয়ারি পয়লা দিন পরিপূর্ণভাবে এই মেলা শুরু করা নিয়েও সংশয় দেখা দিয়েছে। বৃহস্পতিবার পর্যন্ত কর্তৃপক্ষ সোহরাওয়ার্দী উদ্যানে স্টলের নির্মাণ কাজ শুরুই করতে পারেনি। স্টলের সাইজ কত হবে সেটাও তারা নির্ধারণ করতে পারেনি। এর বাইরে মেলায় সর্বশেষ কত প্রতিষ্ঠান অংশ নেবে সেটাও আজ পর্যন্ত চূড়ান্ত হয়নি। উদ্ভূত পরিস্থিতিতে চার দিন পিছিয়ে আগামী সোমবার স্টল ও স্থান বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত হয়েছে। কিন্তু এরপর হাতে থাকে আর মাত্র ৩ দিন।

স্টল বরাদ্দ পেছাল আরও ৪ দিন

ওই সময়ের মধ্যে স্টল নির্মাণ কাজ শেষ করে ১ ফেব্রুয়ারি মেলা শুরু করা কঠিন হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বাংলা একাডেমির পরিচালক এবং মেলা কমিটির সদস্য সচিব শাহিদা খাতুন যুগান্তরকে জানান, মেলার স্থান নির্ধারণে বিলম্বের কারণে স্টল বরাদ্দ ও লটারি কার্যক্রম তাদের পিছিয়ে দিতে হয়েছে। এ ব্যাপারে নাম প্রকাশ না করে কয়েকজন প্রকাশক জানান, স্টল নির্মাণ করতে ৫ থেকে ৭ দিন সময় লাগে। সেই হিসাবে ২৭ জানুয়ারি স্টল বুঝিয়ে দিলে ১ ফেব্রুয়ারির মধ্যে স্টল নির্মাণ ও সাজসজ্জা কাজ শেষ করা সম্ভব নয়। গত কয়েক বছর ধরে স্টলের সাইজ ছিল ৬ ফুট। কিন্তু এবার ৮ ফুট করার কথা শোনা যাচ্ছে। সে হিসাবে ৩ স্টলের জন্য ১৮ ফুট না ২৪ ফুটের জন্য স্টল সরঞ্জাম তৈরি করা হবে— তা নিয়ে তারা দ্বিধাদ্বন্দ্বে রয়েছেন। জ্ঞান ও সৃজনশীল পুস্তক প্রকাশক সমিতির সভাপতি ওসমান গনি বলেন, মেলার পরিসর বৃদ্ধি প্রকাশকদের দীর্ঘদিনের দাবি।

পাঠক যেন বই ঘেঁটে দেখে এবং উন্মুক্ত পরিবেশে ঘুরে ঘুরে বই কিনতে পারেন, তেমন সুযোগের সূচনা হচ্ছে। সেক্ষেত্রে প্রকাশকদের কিছু অসুবিধা স্বীকার করতেই হবে। একই কথা বলেছেন অবসর প্রকাশনা সংস্থার স্বত্বাধিকারী আলমগীর রহমান। তিনি বলেন, যেদিনই স্টল বুঝিয়ে দিক তারা পরিপূর্ণভাবে স্টল নিয়ে পয়লা দিন স্টল খুলবেন। মেলায় অংশ নেয়ার জন্য নতুন নতুন প্রতিষ্ঠান এখনও আবেদন করছে। এর মধ্যে বেশির ভাগই রাজনৈতিক আর ভুঁইফোড় সংগঠন। ১০টি প্রতিষ্ঠানকে চার ইউনিটের স্টল বরাদ্দের কথা। কিন্তু নতুন করে আরও ৮ থেকে ১০টি প্রতিষ্ঠান চার ইউনিটের জন্য আবেদন করেছে। এ নিয়ে আজ মেলা কমিটির সভা ডাকা হয়েছে।